**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৯০

তারিখঃ ০৯ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২৩ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭২৯ তম কমিশন সভা অদ্য ২৩/০৬/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. কমিশন Walton Hi-Tech Industries Limited এর ১০০ (একশত) কোটি টাকার (প্রায়) মূলধন উত্তোলনের জন্য বুক-বিল্ডিং পদ্ধতিতে ২৯,২৮,৩৪৩ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন প্রদান করেছে। ২৯,২৮,৩৪৩ টি সাধারণ শেয়ারের মধ্যে ১৩,৭৯,৩৬৭ টি সাধারণ শেয়ার নিজ নিজ বিডিং মূল্যে উপযুক্ত বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, উপযুক্ত বিনিয়োগকারীর (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের Electronic Subscription System এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানীর শেয়ারের প্রান্ত-সীমা (Cut-off) মূল্য ৩১৫ (তিনশত পনের) টাকায় নির্ধারিত হয়। অবশিষ্ট ১৫,৪৮,৯৭৬ টি সাধারণ শেয়ার ২৫২ (দুইশত বায়ান্ন) টাকা মূল্যে (প্রান্ত-সীমা মূল্য থেকে ২০% বাট্টায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেসীসহ) নিকট ইস্যু করা হবে। এই IPO এর মাধ্যমে প্রায় ১০০ (একশত) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানীটি ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং আইপিও খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৯ সালের সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন সঞ্চিতি সহ নীটসম্পদ মূল্য (NAV with revaluation reserve) ২৪৩.১৬ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১৩৮.৫৩ টাকা এবং বিগত ৫(পাঁচ) টি অর্থ বৎসরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ২৮.৪২ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AAA Finance & Investment Ltd.

২. সভায় কমিশন বে-মেয়াদি 'RACE Special Opportunities Unit Fund' – এর খসড়া প্রসেপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৩৫.০০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা হিসাবে প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ২৫.০০ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ১০.০০ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের থেকে উত্তোলন করা হবে। ফান্ডটির প্রতি ইউনিটের মূল্য ১০.০০ টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসাবে Bangladesh RACE Management PCL এবং ট্রাষ্টি ও কাস্টডিয়ান হিসাবে কাজ করছে Sentinel Trustee & Custodial Services Limited.

৩. দি সিটি ব্যাংক লিমিটেড এর ৪০০ (চারশত) কোটি টাকার Unsecured, Non-convertible, BASEL III complaint, Perpetual Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Unsecured, Non-convertible, Floating rate, Perpetual Bond যার কুপন হার ১১%-১৪%। Perpetual বন্ডটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে দি সিটি ব্যাংক লিমিটেড এর Additional Tier-I Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং লীড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে আইডিএলসি ইনভেস্টমেন্টস লিঃ এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড কাজ করছে।

৪. যমুনা ব্যাংক লিমিটেড এর ৪০০ (চারশত) কোটি টাকার Unsecured, Non-convertible, BASEL III complaint, Perpetual Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Unsecured, Non-convertible, Floating rate, Perpetual Bond যার কুপন হার ১১%-১৪%। Perpetual বন্ডটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে যমুনা ব্যাংক লিমিটেড এর Additional Tier-I Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং লীড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে আইডিএলসি ফাইন্যান্স লিঃ এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড কাজ করছে।

৫. কোম্পানির ব্যবসা ভিন্নখাতে সম্প্রসারণ সংক্রান্ত বিষয় বার্ষিক সাধারণ সভায় সাধারণ এজেন্ডার অধীনে আলোচনা, কোম্পানির রিসোর্ট প্রজেক্ট শুরু করার বিষয়ে বিধি মোতাবেক মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ না করা, মৎস খাতে ব্যবসা শুরু করা সম্পর্কে মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ না করা, বিভিন্ন নতুন খাতে বিনিয়োগ করা এবং বিনিয়োগ ফেরত আনা সম্পর্কে মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ না করা এবং কমিশনের notification No. SEC/CMRRCD/2009-193/119/Admin/34, dated November 22, 2011 মোতাবেক কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক ন্যূনতম শেয়ার ধারন না করার কারণে ইস্যুয়ার কোম্পানি Intech Limited যথাক্রমে Regulation 24 of DSE (Listing) Regulations, 2015 এবং CSE (Listing) Regulations, 2015, কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2009-193/179/Admin/64 dated December 07, 2015 এবং প্রজ্ঞাপন নং- SEC/CMRRCD/2009-193/119/Admin/34, dated November 22, 2011 ভঙ্গ করেছে।

উল্লেখিত আইন লংঘনের দায়ে সভায় Intech Limited এর পরিচালনা পর্ষদের প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) -কে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. ইস্যুয়ার কোম্পানি Al Faruque Bags Ltd. ভিন্ন নিরীক্ষক কর্তৃক Corporate Governance Code (CGC) পরিপালন সনদ ইস্যু না করে বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিষ্ঠান ARTISAN, Chartered Accountants এর মাধ্যমে CGC পরিপালন সনদ প্রদান করেছে। বিধিবদ্ধ নিরীক্ষক কর্তৃক প্রদত্ত CGC পরিপালন সনদ কোম্পানির প্রাথমিক গণপ্রস্তাব (IPO) সম্পর্কিত প্রসপেক্টাসে অন্তর্ভুক্ত করেছে। উল্লেখ্য, BMSL Investment Limited এবং IIDFC Capital Limited ইস্যু ম্যানেজার হিসেবে নিয়োজিত ছিল। ইস্যুয়ার Al Faruque Bags Ltd. ও ইস্যু ম্যানেজার আইপিও প্রসপেক্টাসে সকল তথ্যাদি যথাযথ আছে মর্মে ঘোষণাপত্র এবং Due Diligence Certificate প্রদান করেছে। বর্ণিত কর্মকান্ডের মাধ্যমে ইস্যুয়ার কোম্পানি, ইস্যু ম্যানেজার ও নিরীক্ষা প্রতিষ্ঠান Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর Rule 16 এবং কমিশনের প্রজ্ঞাপন নং- SEC/CMRRCD/2006-158/134/Admin/44, dated 07/08/2012 লংঘন করেছে।

উল্লেখিত সিকিউরিটিজ আইন লংঘনের কারণে আজকের কমিশন সভায় ইস্যুয়ার কোম্পানি Al Faruque Bags Ltd. -কে ১০ (দশ) লক্ষ টাকা, ইস্যু ম্যানেজার BMSL Investment Limited ও IIDFC Capital Limited এর প্রত্যেককে ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং নিরীক্ষক ARTISAN, Chartered Accountants-কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. ইস্যুয়ার কোম্পানি M.I. Cement Factory Limited তাদের সেপ্টেম্বর ৩০, ২০১৮ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের (ত্রৈমাসিক প্রতিবেদন) অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে "Current Account with the Sister Concern" হিসাব শিরোনামে ৭০.৪০ কোটি টাকা প্রদর্শন করে যা প্রকৃতপক্ষে ইস্যুয়ার কোম্পানির সহযোগী প্রতিষ্ঠানগুলোকে সুদবিহীন ঋণ হিসেবে প্রদত্ত হয়েছে এবং উক্ত ঋণ প্রদানের পূর্বে কোম্পানির বার্ষিক সাধারণ সভায় অনুমোদন নেয়া হয়নি। এছাড়াও, কোম্পানির পূর্ববর্তী বছরসমূহের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনেও বর্ণিত হিসাব শিরোনামে সহযোগী প্রতিষ্ঠানগুলোকে সুদবিহীন ঋণ প্রদানের প্রমাণ পাওয়া যায়। উক্ত সহযোগী প্রতিষ্ঠানগুলো ইস্যুয়ার কোম্পানির পরিচালকদের শতভাগ মালিকানাধীন বলে প্রতীয়মান হয়। বর্ণিত কার্যক্রমের মাধ্যমে ইস্যুয়ার কোম্পানি M.I. Cement Factory Limited কমিশনের প্রজ্ঞাপন নং- SEC/CMMRRCD/2006-159/Admin/02-10, dated 10/09/2006 লংঘন করেছে।

উল্লেখিত সিকিউরিটিজ আইন লংঘনের দায়ে M.I. Cement Factory Limited এর প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

26/05/2020
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।